# পরিবেশ ও বন কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **জনাব মকছুদুল হক চুট্টু,** ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া। |
| সভার স্থান | : | ভাইস চেয়ারম্যানের কার্যালয়, চকরিয়া, কক্সবাজার। |
| সভার তারিখ ও স্থান | : | ২৯/০৬/২০২২ খ্রি. সকাল: ১১.০০ ঘটিকা। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক'তে সন্নিবেশিত (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি পরিবেশ ও বন কমিটির সদস্য-সচিবকে সভার আলোচ্যসূচি নিয়ে আলোকপাত করার জন্য অনুরোধ করেন। অতঃপর সদস্য-সচিব সভাকে নিম্নবর্ণিত আলোচ্যসূচির উপর আলোকপাত করেন।

**০১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ**

পরিবেশ ও বন কমিটির বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শূনানো হয়। সভায় উপস্থিত ০৭ জনের মধ্যে ০৭ জনই পক্ষে মত দেয়ায় ১০০% ভোটে সিদ্ধান্ত গৃহিত হয়। সভায় নিম্নলিখিত বিষয়ে আলোচনা ও সুপারিশ সমূহ গৃহিত হয়।

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১. | বন বিভাগ ঃ<br>রেঞ্জ কর্মকর্তা, ফাঁসিয়াখালী রেঞ্জ, কক্সবাজার উত্তর বন বিভাগ জানান, ফাঁসিয়াখালী রেঞ্জাধীন ডুলাহাজারা বিটের মালুমঘাট বাজার এবং ২০০৫-২০০৬ সনের সামাজিক বনায়ন এলাকায় জবর-দখলের প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। দোহাজারী হতে কক্সবাজার পর্যন্ত নির্মানাধীন রেল লাইন প্রকল্পে উচ্ছেদকৃত ঘরবাড়ির মালিকগণ নিজেদের কে ভূমিহীন দাবী করে সামাজিক বনায়নের জমি দখলের চেষ্টা করে যাচ্ছেন। এ কাজে সংঘবদ্ধ চক্র মহিলাদেরকে ব্যবহার করে রাতের অন্ধকারে পলিথিনের বেড়া, বাঁশের খুঁটি দিয়ে অস্থায়ী ঘর তৈরী করার চেষ্টা করে। বন বিভাগ কর্তৃক বারবার উচ্ছেদ অভিযান পরিচালনা করা হলেও বর্তমানে তারা বিভিন্ন সংগঠন ও রাজনৈতিক নেতার নাম ভাঙ্গিয়ে এ কাজ চালিয়ে যাচ্ছে। বন বিভাগ কর্তৃক উচ্ছেদ অভিযান পরিচালনাকালীন সময়ে মহিলারা দা নিয়ে এবং অকথ্য ভাষায় গালিগালাজ করে নিজেদের শ্লীলতাহানীর অভিযোগ তোলে নানাভাবে বন বিভাগ কে হয়রানী করছেন। এই জবর-দখল উচ্ছেদে প্রশাসনের সহযোগীতা কামনা করেন। এছাড়াও মালুমঘাট বাজার এলাকায় অবৈধ জবর-দখল উচ্ছেদে ইতিমধ্যে বন বিভাগের পক্ষ থেকে ১৬৪ জনের বিরুদ্ধে উচ্ছেদ মামলা রুজু করা হয়েছে। জবর-দখল উচ্ছেদে প্রশাসনের সর্বোচ্চ সহযোগীতা কামনা করেন। | বন বিভাগের জায়গা অবৈধভাবে জবর-দখল বন্ধে বন বিভাগ কর্তৃক উচ্ছেদ অভিযান পরিচালনা কালে উপজেলা প্রশাসন সর্বোচ্চ সহযোগিতা করা সিদ্ধান্ত গৃহীত হয়। | রেঞ্জ কর্মকর্তা, ফাঁসিয়াখালী রেঞ্জ, কক্সবাজার উত্তর বন বিভাগ। |
| ০২. | বন বিভাগ ঃ<br>রেঞ্জ কর্মকর্তা, ফুলছড়ি রেঞ্জ, কক্সবাজার উত্তর বন বিভাগ জানান, ফুলছড়ি রেঞ্জাধীন ফুলছড়ি বিটের জুমনগর এলাকায় ২০০৪-২০০৫ সনের দ্বিতীয় আবর্তের স্বল্প মেয়াদী বাগান এলাকায় ইদানিং জবর-দখলের প্রবনতা লক্ষ্য করা যাচ্ছে। রাতের অন্ধকারে সামাজিক বনায়নের রোপিত আকাশমনি | বন বিভাগের জায়গা অবৈধভাবে জবর-দখল বন্ধে বন বিভাগ কর্তৃক উচ্ছেদ অভিযান পরিচালনা কালে উপজেলা প্রশাসন সর্বোচ্চ সহযোগিতা করা সিদ্ধান্ত গৃহীত | রেঞ্জ কর্মকর্তা, ফুলছড়ি রেঞ্জ, কক্সবাজার উত্তর বন বিভাগ। |

| | | | |
|---|---|---|---|
| | চারা গাছ কর্তন পূর্বক বিভিন্ন সময়ে পলিথিন ও বাঁশের খুঁটি দিয়ে ঘর তৈরী করে সামাজিক বনায়নের জায়গা জবর-দখলের চেষ্টা করছে। জবর-দখল উচ্ছেদ করতে গেলে মহিলারা লাঠিসোটা ও দা নিয়ে বন বিভাগের লোকের উপর হামলা করে। এ ব্যাপারে উক্ত এলাকার জবর-দখল উচ্ছেদে প্রশাসনের সার্বিক সহযোগীতা কামনা করেন। উক্ত জবর-দখলকারীদের বিরুদ্ধে উচ্চেদ মামলা প্রক্রিয়াধীন আছে। | হয়। | |

সভায় আর কোন আলাচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মকছুদুল হক চুট্টু)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, চকরিয়া, কক্সবাজার।
ও
সভাপতি
পরিবেশ ও বন কমিটি, চকরিয়া, কক্সবাজার।

স্মারক নং : ২২.০১.২২১৬.৭৮৩.১৭.০০০.২২-46

তাং : ২৯/০৫/২০২২খ্রিঃ

অনুলিপি ঃ সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হল

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৯৪ নির্বাচনী এলাকা, বাংলাদেশ জাতীয় সংসদ, কক্সবজার-১।
২। জেলা প্রশাসক, কক্সবাজার।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া, কক্সবজার।
৪। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেরা পরিষদ, চকরিয়া।
৬। সংরক্ষণ নথি।

জ্ঞাতার্থে ও কার্যাথে
২-৪) জনাব.....................................................................
৪-৬) চেয়ারম্যান................................................ ইউনিয়ন পরিষদ।

২৯/০৫/২০২২
(মোঃ মাজহারুল ইসলাম)
রেঞ্জ কর্মকর্তা, ফাঁসিয়াখালী রেঞ্জ
কক্সবাজার উত্তর বন বিভাগ
ও
সদস্য-সচিব
পরিবেশ ও বন কমিটি, চকরিয়া, কক্সবাজার।

পরিশিষ্ট- "ক"

# চকরিয়া উপজেলার পরিবেশ ও বন কমিটির

## দ্বি-মাসিক সভায় উপস্থিতির স্বাক্ষর ঃ

তারিখ : ২৯/০৫/২০২২খ্রিঃ, রোজঃ রবিবার, সকাল : ১১.০০ ঘটিকা।

| ক্র:নং | নাম ও পদবী | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | **জনাব মকছুদুল হক ছুট্টু,** ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চকরিয়া ও সভাপতি, পরিবেশ ও বন কমিটি। | ০১৮২০-৩৪৭৩৫৪ | |
| ০২. | **জনাব এস.এম নাসিম হোসেন,** উপজেলা কৃষি অফিসার, চকরিয়া ও সদস্য, পরিবেশ ও বন কমিটি। | ০১৭১৭-৫৪৫৬৩৭ | |
| ০৩. | **ডাঃ সুপন নন্দী,** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চকরিয়া ও সদস্য, পরিবেশ ও বন কমিটি। | ০১৬৭০-৩৮৩৩৪০ | |
| ০৪. | **জনাব গুলশান আক্তার,** উপজেলা শিক্ষা অফিসার, চকরিয়া ও সদস্য, পরিবেশ ও বন কমিটি। | ০১৮১১-৬৬৬১৩৮ | ২৯/০৫/২০২২ |
| ০৫. | **জনাব আজিমুল হক আজিম,** চেয়ারম্যান, সুরাজপুর-মানিকপুর ইউনিয়ন পরিষদ, চকরিয়া ও সদস্য, পরিবেশ ও বন কমিটি। | ০১৭১৬-৯৫৯৬৯৫ | |
| ০৬. | **জনাব আব্দুল মতলব,** চেয়ারম্যান, বমুবিলছড়ি ইউপি, চকরিয়া ও সদস্য, পরিবেশ ও বন কমিটি। | ০১৫৫৩-৬০৩২৬২ | |
| ০৭. | **জনাব মোঃ মাজহারুল ইসলাম,** রেঞ্জ কর্মকর্তা, ফাঁসিয়াখালী রেঞ্জ,কক্সবাজার উত্তর বন বিভাগ ও সদস্য-সচিব, পরিবেশ ও বন কমিটি। | ০১৮১৮-৪৩২৫৪৬ | ২৯/০৫/২০২২ |